



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

ফরিদপুর শাখা, ফরিদপুর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে, বেসিক ব্যাংক লিমিটেড, ফরিদপুর শাখা, ফরিদপুর এর ঋণ গ্রহীতা মেসার্স ঢাকা স্টিল এন্ড আয়রন, সত্ত্বাধিকারী-সাদিয়া ইসলাম (বনি), বেসিক ব্যাংক লিমিটেড, ফরিদপুর শাখা, হইতে বিভিন্ন ঋণ সুবিধা ভোগ করিয়াছেন, যাহা পরবর্তীতে মন্দস্থগে রূপান্তরিত হয়। মেসার্স ঢাকা স্টিল এন্ড আয়রন, ঋণের বিপরীতে ১) সাদিয়া ইসলাম বনি প্রোপ্রাইটর, ২) মোঃ এমরাত হোসেন (ঋণ গ্রহীতার স্বামী), সর্ব ঠিকানা: ৩০/৫/এ, মুজিব সড়ক, হাজরাতলা, গোয়ালচামট, ফরিদপুর সদর, ফরিদপুর, ঋণ গ্রহীতা, ব্যক্তিগত জিম্মাদার ও ৩য় পক্ষ জিম্মাদার হিসাবে ব্যাংক বরাবরে ব্যক্তিগত ভাবে ও যৌথভাবে দায়বদ্ধ রহিয়াছেন। অধিকন্তু উক্ত ঋণের বিপরীতে তাদের জমি এবং ভবন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংক বরাবরে রেজিস্ট্রী বন্ধকী দলিল মূলে বন্ধক প্রদান করিয়া ব্যাংক কে আম-মোক্তারও নিয়োগ করিয়াছেন। বারবার তলব তাগাদা সত্ত্বেও ঋণ গ্রহীতা-জিম্মাদার-বন্ধক দাতার নিকট হইতে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই বিধায় উক্ত ঋণ হিসাব সমূহ খেলাপী ঋণে পরিনত হইয়াছেন। বিগত ১৬/০৭/২০২৫ তারিখ পর্যন্ত (ঋণের পরবর্তী সুদ ব্যতীত) ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও অন্যান্য খরচাসহ মোট ১,৬৬,৮৭,৩২১.৭৪ (এক কোটি ছেষট্টি লক্ষ সাতাশি হাজার তিনশত একশুট টাকা চুয়াত্তর পয়সা) টাকা পাওনা রহিয়াছে। বন্ধকদাতা এবং আম-মোক্তার দাতাগণের প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২ (৩) ধারার বিধানমতে উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য আগামী ১৮/০৮/২০২৫ইং তারিখ বেলা ৩:০০ ঘটিকা নিলামের দিন ধার্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লেখিত তারিখ ও সময়ে বেসিক ব্যাংক লিমিটেড, ফরিদপুর শাখা, ফরিদপুরে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহবান করা হইতেছে।

শর্ত সমূহ

- প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) টেন্ডার মূল্য অংকে ও কথায় এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
- দরপত্র অপরাহ্ন ৩:০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাঞ্চে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩:৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাব্ব খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।
- প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে “বেসিক ব্যাংক লিমিটেড” এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসে মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
- দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ক্রেডিটপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- উপরে বর্ণিত ৩ ও ৪নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়তশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।
- নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
- কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

বন্ধকী সম্পত্তির তফসিল

রেজিস্টার বন্ধকীকৃত ফরিদপুর জেলার অন্তর্গত, ফরিদপুর সদর, মৌজা-বাখুড়া, জে এল নং ৮৪, ১২১৪০ বর্গফুট একতল একটি লোহার এবং টিন সেট বাড়ি সহ ৩৭.০৬ শতাংশ জমি, এস এ-২২৯৩, ৭৮২, ৯৮৭, ১১৭৩, বি এস খতিয়ান নং-১৯৭, ১০৬২, ৭৯২, প্রস্তাবিত খতিয়ান নং-১৯৭/১, এস এ দাগ নং-১২৬২, ১২৮৪, ১৩২৭, ১৪০৫, ১৪০৯, ১৪১১, ১৪১২, ১৪১৩, ১৪১৪, ৮৬, ৮৭, ১২৮৩, ১৪০৬, ১২৮৬, বি এস দাগ নং-২০৮৪, ২০৮৯, ২০৮৮, ২০৮৬, মালিক- মোঃ এমরাত হোসেন (ঋণ গ্রহীতার স্বামী), রেজিস্ট্রি অফিস ফরিদপুর সদর, ফরিদপুর।

সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও শাখা প্রধান

ফরিদপুর শাখা, হোল্ডি নং-২৯/ডি, ওয়াড নং-০২, ফরিদপুর সদর, ফরিদপুর, মোবাইল: ০১৭১৩২৫৭৪৩৫